

যাদবপুর বিশ্ববিদ্যালয়
বাংলা বিভাগ
স্নাতকোত্তর প্রবেশিকা পরীক্ষা ২০২৩

১. একটি বা দুটি বাক্যে নীচের প্রশ্নগুলির উত্তর দাও।

১০

ক. নিম্নলিখিত বইগুলির রচয়িতার নাম লেখ।

১/২ x ৬ = ৩

- i. 'শ্রীচৈতন্যচরিতের উপাদান'
- ii. 'বাঙ্গালীর ইতিহাস (আদি পর্ব)'
- iii. 'বাংলার সামাজিক ইতিহাসের ধারা'
- iv. 'রবীন্দ্রকবিতাশতক'
- v. 'কবিতার কথা'
- vi. 'বাবুবৃত্তান্ত'

খ. নিম্নলিখিত লেখকদের রচিত অথবা সম্পাদিত একটি-করে গ্রন্থের নাম লেখ।

১/২ x ৬ = ৩

- i. শিবনাথ শাস্ত্রী
- ii. শশিভূষণ দাশগুপ্ত
- iii. সুখময় মুখোপাধ্যায়
- iv. প্রমথনাথ বিশী
- v. শিশিরকুমার দাশ
- vi. শিবাজী বন্দ্যোপাধ্যায়

গ. বাংলা সাহিত্যের ইতিহাসে ১৭৭৮ খ্রিস্টাব্দ তাৎপর্যপূর্ণ কেন?

১

ঘ. 'সাহিত্য-সাধক-চরিতমালা'-র অন্তর্গত জীবনী গ্রন্থগুলি কোন সারস্বত-সংস্থা প্রকাশ করেছেন?

১

ঙ. প্রভাতকুমার মুখোপাধ্যায় এবং প্রশান্তকুমার পাল-এর লেখা রবীন্দ্রনাথ ঠাকুরের বড়ো দুটি জীবনী-গ্রন্থের নাম কী এবং সেগুলির খণ্ডসংখ্যা কটি?

২

[পর পৃষ্ঠায়

২. নিম্নলিখিত যে কোনো একটি বিষয়ে একটি নিবন্ধ রচনা করো।

১ x ২৫ = ২৫

ক. বৈষ্ণব পদাবলীতে রাধা

খ. মধ্যযুগের বাংলা সাহিত্যে দুঃখী মানুষেরা

গ. বাংলা লোকগান

ঘ. রবীন্দ্রনাথের কবিতায় 'পূজা' ও 'প্রেম'

ঙ. বাংলা উপন্যাসে হিংসা ও দরদ

চ. বাংলা কবিতায় মৃত্যুবোধ

ছ. সাহিত্য ও সংগীত

জ. বাংলা শিশু-কিশোর সাহিত্যে মেয়েদের কথা

৩. যে কোনো একটি কবিতার পাঠ-প্রতিক্রিয়া লেখ।

১ x ১৫ = ১৫

ক.

যে রাতে মোর দুয়ারগুলি

ভাঙল ঝড়ে

জানি নাই তো তুমি এলে

আমার ঘরে।

সব যে হয়ে গেল কালো,

নিবে গেল দীপের আলো,

আকাশপানে হাত বাড়ালাম

কাহার তরে।

অন্ধকারে রইনু পড়ে

স্বপন-মানি।

ঝড় যে তোমার জয়ধ্বজা

তাই কি জানি।

সকালবেলায় চেয়ে দেখি --

দাঁড়িয়ে আছ তুমি এ কী

ঘরভরা মোর শূন্যতারি
বুকের 'পরে।

খ.

আমার দুঃখের দিন তথাগত
আমার সুখের দিন ভাসমান
এমন বৃষ্টির দিন পথে পথে
আমার মৃত্যুর দিন মনে পড়ে

আবার সুখের মাঠ জলভরা
আবার দুঃখের ধান ভরে যায়
এমন বৃষ্টির দিন মনে পড়ে
আমার জন্মের কোনো শেষ নেই।